তারিখ ...03 APR 1994 ..
দৈনিক বাংলা
পৃষ্ঠা ১০ কলাম ৮

## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, কুমিল্লা

# ১৯৯৪ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার সময়সূচী

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য ১৯৯৪ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষার সময়সূচী ও তারিখ নিম্নে প্রদত্ত হইল। বিশেষ প্রয়োজনবোধে বোর্ড কর্তৃপক্ষ এই সময়সূচী পরিবর্তন করিতে পারিবেন।

| বিষয় ও সময় সকাল ১০টা হইতে ১টা পর্যন্ত | বিষয়ের কোড নং | দিন ও তারিখ | বিষয় ও সময় বিকাল ২টা হইতে ৫টা পর্যন্ত | বিষয়ের কোড নং |
|---|---|---|---|---|
| ১। বাংলা (আবশ্যিক)–১ম পত্র<br>২। বাংলা বিকল্প সহজ পাঠ–১ম পত্র<br>৩। বাংলাদেশের সংস্কৃতি ও বাংলা ভাষার প্রাথমিক জ্ঞান–১ম পত্র | ১০১<br>১০৩<br>১০৫ | সোমবার<br>২–৫–৯৪ | x | |
| ১। বাংলা (আবশ্যিক)–২য় পত্র<br>২। বাংলা বিকল্প সহজ পাঠ–২য় পত্র<br>৩। বাংলাদেশের সংস্কৃতি ও বাংলা ভাষার প্রাথমিক জ্ঞান–২য় পত্র | ১০২<br>১০৪<br>১০৬ | মঙ্গলবার<br>৩–৫–৯৪ | x | |
| ১। ইংরেজী–১ম পত্র | ১০৭ | বৃহস্পতিবার<br>৫–৫–৯৪ | x | |
| ১। ইংরেজী–২য় পত্র | ১০৮ | শনিবার<br>৭–৫–৯৪ | x | |
| ১। গণিত | ১০৯ | সোমবার<br>৯–৫–৯৪ | x | |
| ১। ভূগোল | ১১০ | বুধবার<br>১১–৫–৯৪ | x | |
| ১। সাধারণ বিজ্ঞান–১ম পত্র | ১১৫ | বৃহস্পতিবার<br>১২–৫–৯৪ | ১। সমাজ বিজ্ঞান–১ম পত্র | ১১৭ |
| ১। সাধারণ বিজ্ঞান–২য় পত্র | ১১৬ | শনিবার<br>১৪–৫–৯৪ | ১। সমাজ বিজ্ঞান–২য় পত্র | ১১৮ |
| ১। হিসাব রক্ষণ ও কারবার পদ্ধতি | ১২৮ | রবিবার<br>১৫–৫–৯৪ | x | |
| ১। ইসলাম ধর্ম<br>২। হিন্দু ধর্ম<br>৩। বৌদ্ধ ধর্ম<br>৪। খৃষ্টান ধর্ম | ১১১<br>১১২<br>১১৩<br>১১৪ | সোমবার<br>১৬–৫–৯৪ | x | |
| ১। বিজ্ঞান (সমাজ বিজ্ঞান শাখা) | ১২৭ | মঙ্গলবার<br>১৭–৫–৯৪ | ১। আরবী<br>২। সংস্কৃত<br>৩। পালি | ১২১<br>১২৩<br>১২৪ |
| ১। গার্হস্থ্য বিজ্ঞান | ১২৯ | বুধবার<br>১৮–৫–৯৪ | x | |
| ১। উচ্চতর গণিত | ১২৬ | বৃহস্পতিবার<br>১৯–৫–৯৪ | ১। কর্মমুখী শিক্ষা | ১৩০ |

### বিশেষ নির্দেশাবলী

১। সময়কাল ঃ নৈর্ব্যক্তিক ও রচনামূলক প্রশ্নপত্রে উল্লেখিত সময়ানুযায়ী প্রথমে রচনামূলক ও পরে নৈর্ব্যক্তিক পরীক্ষা গৃহীত হইবে।

২। (১) সাধারণ বিজ্ঞান–১ম পত্র (২) সাধারণ বিজ্ঞান–২য় পত্র (৩) গার্হস্থ্য বিজ্ঞান (৪) কর্মমুখী শিক্ষা বিষয়গুলির ব্যবহারিক পরীক্ষা সকল অনুমোদিত পরীক্ষা কেন্দ্রে ২৬–৫–৯৪ তারিখ হইতে আরম্ভ হইবে।

৩। (ক) ব্যবহারিক পরীক্ষার বিস্তারিত সময়সূচী সংশ্লিষ্ট কেন্দ্রের সচিবগণ যথাসময়ে তাঁহাদের কেন্দ্রের বিজ্ঞপ্তি ফলকের মাধ্যমে ঘোষণা করিবেন। পূর্ববর্তী বৎসরের ন্যায় এইবারও কেন্দ্র সচিব অন্তঃ ও বহিঃ পরীক্ষক নিয়োগক্রমে ২৬–৫–৯৪ তারিখ হইতে ব্যবহারিক পরীক্ষা আরম্ভ করিয়া অনূর্ধ্ব ১০ দিনের মধ্যে উহা অবশ্যই সমাপ্ত করিবেন।

(খ) কেন্দ্র সচিবগণকে ব্যবহারিক পরীক্ষা পরিচালনার জন্য প্রয়োজনীয় রাসায়নিক দ্রব্য ও সরঞ্জামাদি তাঁহাদের স্ব স্ব পরীক্ষা কেন্দ্রে মজুদ ও প্রস্তুত রাখিবার জন্য অনুরোধ করা যাইতেছে। ব্যবহারিক পরীক্ষা প্রতিদিন তিন দফায় (In three shifts) গ্রহণ করিতে হইবে।

প্রতি দফায় ২০ জন করিয়া পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করিবে। ব্যবহারিক বিষয়ের পরীক্ষায় অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের নিকট হইতে সংশ্লিষ্ট পরীক্ষকগণ বিষয় ও তারিখ অনুযায়ী স্বাক্ষরপত্রের যথাস্থানে অবশ্যই স্বাক্ষর নিবেন।

৪। সাধারণ বিজ্ঞান ১ম ও ২য় পত্রের তত্ত্বীয় বিষয়ে নৈর্ব্যক্তিক ও রচনামূলক যুক্তভাবে এবং ব্যবহারিক পত্রে পৃথক পৃথকভাবে পাস করিতে হইবে। এতদব্যতীত অন্যান্য যে সকল বিষয়ে তত্ত্বীয় ও ব্যবহারিক আছে উহাতেও পৃথক পৃথক পাস করিতে হইবে।

৫। সমাজ বিজ্ঞান ১ম ও ২য় পত্রে নৈর্ব্যক্তিক ও রচনামূলক বিষয়ে যুক্তভাবে পাস করিতে হইবে।

৬। প্রধান শিক্ষক/শিক্ষয়িত্রীগণ স্ব স্ব বিদ্যালয়ের পরীক্ষার্থিগণের (বিভাগ উন্নয়ন পরীক্ষার্থীসহ) প্রবেশপত্রসমূহ সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের সচিবের নিকট হইতে কেন্দ্র ফিস প্রদানপূর্বক সংগ্রহ করিবেন।

৭। প্রাইভেট পরীক্ষার্থিগণকে সরাসরি সংশ্লিষ্ট পরীক্ষা কেন্দ্রের সচিবের নিকট হইতে কেন্দ্র ফিস প্রদানপূর্বক প্রবেশপত্র সংগ্রহ করিতে হইবে।

স্বাক্ষর/ডাঃ মোঃ ফজলুল হক
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
কুমিল্লা।

ডিএফপি(স)–৬১৭৯–৩১/৩
ক–১৭৯৪